

- ২। যে দুঃখে রেখেছ গুরুচাঁদ, দিবানিশি তুবানলে দহে  
আমার প্রাণ ।  
তোমার প্রেমবারি বরিষণে—সুশীতল কর আমারে ॥
- ৩। ভব-নদীর কূল-কিনারা নাই অকূল সমুদ্র মাঝে  
ভাসিয়া বেড়াই ।  
আমার এমন বান্ধব নাই গুরুচাঁদ ডাকিয়া জিজ্ঞাসা করে ॥  
—যাদব গোস্বামী

৪০ নং

- তাল—গড়খেমটা                      রাগিনী—ভাটিয়ালী
- আমার হরিচাঁদের তালাশে কোন্ দেশে যাবরে,  
কোন্ দেশে যাব কোন্ পথে যাবকোথা গিয়ে দেখা পাব রে ॥
- ১। যে দেশে মোর হরিচাঁদ গিঁছে, ধূলায় পদ চিহ্ন আছে;  
সেই দেশে মোর প্রাণ গিঁছে,  
আমি সেই পথের পথিক হ'ব রে ॥
- ২। বল গো তোরা নগরবাসী, দেখছিস্ কি পূর্ণশশী;  
এ তার মুখে মৃদু মধুর হাসি, যেন পূর্ণশশী অম্বরে ॥
- ৩। ওড়াকান্দীর ভক্ত যারা, নিকটে কেউ দেখছিস্ তারা;  
ও সে যার কাছে দিয়েছে ধরা, আমি তার চরণের,  
দাস হ'ব রে ॥
- ৪। বলিস্ তোরা হরিচাঁদে, যেন পাঠায়ে দেয় গুরুচাঁদে;  
আমি মিলন দেখে চাঁদে চাঁদে, মহানিদ্রায় র'ব রে ॥

৪১ নং

- তাল—একতালা                      রাগিনী—ভাটিয়ালী
- দয়াল গুরুচাঁদ আমার দুঃখের কথা কার কাছে জানাই ।  
আমি যার কাছে কই দুঃখের কথা, তার কাছে  
দুঃখ আরো পাই ॥